প্রাথমিক শিক্ষায় ডিপ্লোমা
(ডি. এল. এড্)
(DIPLOMA IN ELEMENTARY EDUCATION)
(D.El.Ed)

কোর্স - 506

অন্তর্ভুক্তির পটভূমিতে শিশুকে বোঝা

ব্লক - 1

শিশুর বৃদ্ধি ও বিকাশ : প্রাথমিক

রাষ্ট্রীয় মুক্ত বিদ্যালয়ী শিক্ষা সংস্থান

A-24/25 প্রতিষ্ঠানিক এলাকা, সেকটর-62, নয়ডা

গৌতম বুদ্ধ নগর, ইউ পি-201309

ওয়েব সাইট : www.nios.ac.in

শিক্ষার্থী সহায়ক কেন্দ্র টোল ফ্রি নম্বর : 1800 180 9393

ই-মেল : lsc@nios.ac.in

কোর্স - 506 ''অন্তর্ভুক্তির পটভূমিতে শিশুকে বোঝা''
পাঠ্যক্রমের ধারণার চিত্রপট



ব্লক	একক	এককের নাম	প্রতিপাদ্য বিষয়ের সময় (ঘন্টা)		ব্যবহারিক পাঠ
			বিষয়	কর্মসূচি	
ব্লক-1 শিশুর বৃদ্ধি ও বিকাশ : প্রাথমিক	একক-1	শিশুকে বোঝা	6	3	আপনার বিদ্যালয়ের শিশুদের বৃদ্ধি এবং বিকাশের প্রভাবক সমূহের সনাক্তকরণ
	একক-2	বংশগতি এবং পরিবেশ	6	3	আপনার শ্রেণির শিক্ষার্থীদের বংশগতির প্রভাবসমূহের তালিকা প্রস্তুত করুন
ব্লক-2 শিশুদের ব্যক্তিত্বের বিকাশ	একক-3	ব্যক্তিত্বের বিকাশ এবং এর নির্ধারণ	8	4	আপনাক শ্রেণির শিক্ষার্থীদের মধ্যে ব্যক্তিত্বের বৈশিষ্ট্যাবলী, পার্থক্যসমূহ চিহ্নিত করুণ
	একক-4	চিন্তাশক্তির বিকাশ	8	4	আপনার শিক্ষার্থীদের মধ্যে প্রশ্ন করার দক্ষতার বিকাশ ঘটানোর ক্ষেত্রে প্রয়োজনীয় পদক্ষেপ সমূহের সনাক্তকরণ
	একক-5	আত্মবিকাশ	10	5	আত্মবিকাশের জন্য শ্রেণিকক্ষের পরিস্থিতি নির্ধারণ
	একক-6	শিশুর সৃজনশীলতার বিকাশ	9	7	শিক্ষক হিসেবে আপনার শ্রেণিতে সৃজনশীলতাকে দৃঢ় করার জন্য পরিস্থিতি
ব্লক-3 অন্তর্ভুক্তিমূলক শিক্ষা	একক-7	অন্তর্ভুক্তিমূলক শিক্ষার ধারণা	6	3	আপনার বিদ্যালয়ে অন্তর্ভুক্তিমূলক শিক্ষার কার্যকরী প্রভাবসমূহের তালিকা প্রস্তুতকরণ
	একক-8	বিশেষ চাহিদা সম্পন্ন শিশুর সম্পর্কে ধারণা	7	4	আপনার বিদ্যালয়ে বিশেষ চাহিদা সম্পন্ন শিশুর শিখন উপযোগী উপাদানের সনাক্তকরণ
	একক-9	বিশেষ চাহিদা সম্পন্ন শিশুর শিক্ষা	9	6	গৃহভিত্তিক শিক্ষার কার্যকরী পরিকল্পনার প্রস্তুতকরণ
	একক-10	গ্রহণক্ষমতার বিকাশ, সহায়ক, উপাদান, বিশেষ চিকিৎসা	9	3	আপনার বিদ্যালয়ের কোনো বিশেষ অক্ষমতাযুক্ত শিশুর বিশেষ চিকিৎসা বিষয়ক আলোচনা সভা

ব্লক	একক	এককের নাম	প্রতিপাদ্য বিষয়ের সময় (ঘন্টা)		ব্যবহারিক পাঠ
			বিষয়	কর্মসূচি	
ব্লক-4 মেয়ে শিশু এবং শিশুর অধিকার	একক-11	শিক্ষায় লিঙ্গ সমস্যা	9	6	লিঙ্গ বৈষম্য সমস্যায় আপনার জীবনশৈলীর বিকাশে আপনার ভূমিকা নির্ধারণ
	একক-12	মেয়ে শিশুকে শক্তিপ্রদান	9	6	আপনার বিদ্যালয়ে মেয়েদের জীবনশৈলীর বিকাশে আপনার ভূমিকা নির্ধারণ
	একক-13	শিশু অধিকার এবং আইন দ্বারা অধিকার মঞ্জুর	9	6	আপনাক বিদ্যালয়ে এবং এলাকায় শিশু অধিকার নিয়ে হিংস্রতা
		শিক্ষকতা	15		
			120	60	60
	সর্বমোট				120 + 60 + 60 = 240 ঘন্টা

ব্লক - 1

শিশুর বৃদ্ধি ও বিকাশ : প্রাথমিক

*ব্লক এককসমূহ (**Block Units**)*

একক 1 শিশুকে বোঝা

একক 2 বংশগতি ও পরিবেশ

ব্লক সূচনা :

একজন শিক্ষার্থী হিসাবে আপনি কোর্স 506 : অন্তর্ভুক্তির পটভূমিতে শিশুকে বোঝা পড়বেন। এই কোর্সটি চারটি ব্লকে বিভক্ত। এই কোর্সটি আপনাকে শিশুর প্রকৃতি এবং প্রয়োজনীয়তা বোঝার ক্ষমতা দেবে যাতে আপনি শিক্ষণ-শিখন পদ্ধতিটি আরও বেশী কার্যকরী করতে পারবেন। আপনি শিশুদের মধ্যে ব্যক্তিগত পার্থক্য বুঝতে এবং শিশুদের প্রতি বন্ধুত্বপূর্ণ একটি পরিবেশ সৃষ্টি করতে সক্ষম হবেন। আপনি শিশুদের অধিকার রক্ষার এবং শিশুদের আখ্যায়িত করার প্রয়োজনীয়তা আলোচনা করতে পারবেন। এই আলোচনা আপনাকে শিশুদের সামাজিক সাংস্কৃতিক পটভূমির প্রতি আরও বেশী সংবেদনশীল তৈরী করবে।

ব্লক - 1 : শিশুর বৃদ্ধি এবং বিকাশ : প্রাথমিক

একজন শিক্ষার্থী হিসাবে আপনি ব্লক 1: শিশুর বৃদ্ধি এবং বিকাশ : প্রাথমিক পড়বেন। এই ব্লকটি **শিশুকে বোঝা** এবং **বংশগতি ও পরিবেশ** এই দুটি এককে বিভক্ত। প্রতিটি একক বিভাগ এবং উপবিভাগে বিভক্ত।

একক - 1 : শিশুকে বোঝা

এই এককটি পড়ার পর আপনি বৃদ্ধি এবং বিকাশের অর্থ বুঝতে এবং বৃদ্ধি ও বিকাশের নীতি বর্ণনা করতে পারবেন। বৃদ্ধি এবং বিকাশের জন্য দায়ী বিভিন্ন উপাদানসমূহ আপনি তালিকাভুক্ত করতে পারবেন। আপনি বৃদ্ধি এবং বিকাশের বিভিন্ন ধাপগুলি আলোচনা করতে এবং শিক্ষকের ভূমিকা ব্যাখ্যা করতে পারবেন।

একক - 2 : বংশগতি ও পরিবেশ

এই এককটি আপনাকে বংশগতি এবং পরিবেশের অর্থ বুঝতে সাহায্য করবে। আপনি বংশগতির যান্ত্রিক পদ্ধতি আলোচনা করতে সক্ষম হবেন। আপনি পরিবেশের সঙ্গে যুক্ত বিভিন্ন উপাদানসমূহ তালিকাভুক্ত করতে পারবেন। আপনি বংশগতি ও পরিবেশ সম্পর্কিত ভূমিকা জানতে এবং তাদের শিক্ষাগত তাৎপর্য আলোচনা করতে সক্ষম হবেন।

বিষয়সূচী

ক্রমিক সংখ্যা	এককের নাম	পৃষ্ঠা সংখ্যা
1	একক-1 : শিশুকে বোঝা	1
2	একক-2 : বংশগতি ও পরিবেশ	30

নোট

একক—1 : শিশুকে বোঝা

কাঠামো

1.0 – সূচনা

1.1 – শিখনের উদ্দেশ্য

1.2 – বৃদ্ধি ও বিকাশের মধ্যে পার্থক্য

1.3 – বৃদ্ধি ও বিকাশের নীতিসমূহ

1.4 – বৃদ্ধি ও বিকাশের মধ্যে সম্পর্ক

1.5 – বৃদ্ধি ও বিকাশে প্রভাব বিস্তারকারী উপাদানসমূহ

1.6 – বৃদ্ধি ও বিকাশের পর্যায়

1.6.1 – উন্মেষকাল থেকে শৈশবকাল পর্যন্ত বৃদ্ধির পর্যায় ও তার অন্তর্নিহিত অর্থ

1.6.2 – শিক্ষণ ও শিখন প্রক্রিয়ায় বিকাশের স্তরসমূহের প্রভাব।

1.7 – শিশুর বৃদ্ধি ও বিকাশে শিক্ষকের ভূমিকা

1.8 – আসুন আমরা সংক্ষিপ্ত করি

1.9 – আপনার অগ্রগতি যাচাই করার উত্তর

1.10 – সুপারিশকৃত পাঠ ও উৎস (Suggested Readings and References)

1.11 – একক শেষের অনুশীলনী

1.0 সূচনা :

একমাত্র শিশুর বৃদ্ধি ও বিকাশের জ্ঞান দিয়ে শিক্ষকের পক্ষে সম্ভব হয় শিশুর যথার্থ রোগ নির্ণয় ও তাকে নির্দেশনা দেওয়া যা দিয়ে সে নাগরিক হিসাবে বড় হতে পারে এবং সে তার অধিকার ও কর্তব্য বুঝতে পারে। এটা বলা যেতে পারে যে শিশুর জন্মের সঙ্গে সঙ্গে তার পরিবেশ তাকে প্রভাবিত করতে থাকে। পরিবেশের প্রভাব বৃদ্ধি পায় যেহেতু শিশুর সামর্থের পরিণমন হয়। মানুষের বৃদ্ধির প্রকৃতি ও মানুষের বৃদ্ধির নীতিসমূহ সম্পর্কে শিক্ষকের পুঙ্খানুপুঙ্খ উপলব্ধি অবশ্যই থাকা এবং শিক্ষণমূলক প্রচেষ্টা সক্রিয় থাকা উচিত। এটা স্পষ্ট যে শিক্ষার এই উদ্দেশ্য পূরণ করতে, গর্ভাবস্থা থেকে যৌবনকাল এবং বৃদ্ধ বয়স পর্যন্ত মানবিক বিকাশের অর্থ ও সুস্পষ্ট প্রগাঢ় জ্ঞান ও উপলব্ধি শিক্ষকের থাকা উচিত। শিশুর পরবর্তী জীবন-বিকাশ বোঝার

নোট

জন্য শিশুর জীবনের ও বৃদ্ধির প্রথম কয়েক বছর সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ। যেহেতু আমরা এই এককে দেখবো যে, গর্ভাবস্থা থেকে মৃত্যু পর্যন্ত বৃদ্ধি একটা নিরবচ্ছিন্ন প্রক্রিয়া। সুতরাং শিক্ষক অবশ্যই বুঝবেন যে শিশুর বৃদ্ধির কোন বিন্দুতে এবং প্রথাগত ও অপ্রথাগত পরিস্থিতি ও কৌশলসমূহ কি পদ্ধতিতে শিশুর পরিণমণে পৌঁছাতে সাহায্য করবে। বিভিন্ন আর্থ-সামাজিক ও সাংস্কৃতিক পরিবেশ থেকে আগত শিশু যাদের বিভিন্ন বয়সের স্তরে তাদের মধ্যে ব্যাপক ব্যক্তিগত পার্থক্য বিদ্যমান সেইসব শিশুদের সঙ্গে কাজ করতে হয় একজন শিক্ষককে। এই এককটিও বৃদ্ধি ও বিকাশের নীতিসমূহের প্রাথমিক বোধ ও বৈশিষ্ট্যসমূহ যেগুলি শিশুর বিকাশের সমন্বয়ের জন্য বিভিন্ন বয়স স্তরের বিকাশমূলক মাত্রার উদ্ভব হয়—তা সরবাহ করে। পরিবেশের সঙ্গে ঘাত-প্রতিঘাতের কারণে একজন শিশুর নিরবচ্ছিন্ন পরিবর্তনশীল আচরণধারা, ভাবী শিক্ষক বুঝে থাকবেন।

1.1 শিখনের উদ্দেশ্য

এই একক পাঠের পর আপনি সমর্থ হবেন :

- বৃদ্ধি ও বিকাশের মধ্যে পার্থক্য করতে
- বৃদ্ধি ও বিকাশের নীতিগুলি তালিকাভুক্ত ও বর্ণনা করতে
- বৃদ্ধি ও বিকাশের সম্পর্ক স্থাপন করতে
- বৃদ্ধি ও বিকাশের জন্য দায়ী উপাদানগুলি তালিকাভুক্ত করতে
- বিভিন্ন স্তরের বৃদ্ধি ও বিকাশে শিশুর শারীরিক, মানসিক, প্রাক্ষভিক, সামাজিক ও নৈতিক বৈশিষ্ট্যসমূহ শনাক্ত করতে।
- শিশুর বৃদ্ধি ও বিকাশে শিক্ষকের ভূমিকা ব্যাখ্যা করতে।

1.2 বৃদ্ধি ও বিকাশের মধ্যে পার্থক্য

পরিণমন ও অভিজ্ঞতার কারণে যখন মানুষের নিয়মিত ও ক্রমোন্নত পরিবর্তন হয় তখন বিকাশ ঘটে, আর বৃদ্ধি বলতে বোঝায় কাঠামোগত ও শারীরিক পরিবর্তনকে। বিকাশ বৃদ্ধির সঙ্গে সম্পর্কযুক্ত, যেমন পরিবেশগত পরিস্থিতির ফলে বৃদ্ধিতে ব্যক্তির আচরণধারার পরিবর্তন হয়। তাই বিকাশ একটি অধিকতর ব্যাপক শব্দ যাতে আছে অন্য অপরিহার্য অংশ যাকে বলা হয় ‘পরিণমন’। বৃদ্ধি একটি অবিরত পরিবর্তন যা ওজন, উচ্চতা এবং আকার দিয়ে পরিমাপযোগ্য। যদিও বৃদ্ধি ও বিকাশ ব্যবহৃত হয় পারস্পরিক বিনিময়যোগ্য হিসাবে পরিবর্তনকে চিহ্নিত করতে। এই দুটি শব্দ পরিস্কারভাবে অবশ্যই ব্যবহৃত হউক—নিম্নে ব্যাখ্যা করা হল :

ক্রমিক	বৃদ্ধি	বিকাশ
1.	আকারে বৃদ্ধি (উচ্চতা, ওজন ও দৈর্ঘ্য) যা পরিমাণগত পরিবর্তন আনে তাকে বলে বৃদ্ধি।	আকৃতি ও গঠনের পরিবর্তন যা কাজে বা চরিত্রে পরিবর্তন আনে তাকে বিকাশ বলে।
2.	বৃদ্ধি দৈহিক পরিবর্তনকে বোঝায়।	বিকাশ বলতে বোঝায় দৈহিক পরিবর্তন সহ সামগ্রিক পরিবর্তন।
3.	বিকাশের একটা অংশ হল বৃদ্ধি।	বিকাশ সমগ্র পরিবর্তনকে বোঝায়।
4.	পরিণমনে বৃদ্ধির সমাপ্তি।	বিকাশ জীবনকাল ব্যাপ্ত।
5.	শারীরিক পরিবর্তন বা বৃদ্ধি হল পর্যবেক্ষণযোগ্য ও পরিমাপযোগ্য।	গুণগত পরিবর্তন বা বিকাশ সম্পূর্ণরূপে পর্যবেক্ষণযোগ্য ও পরিমাপযোগ্য নয়।
6.	বৃদ্ধি বিকাশ আনতে পারে অথবা নাও আনতে পারে।	বিকাশের ফলে ব্যক্তির বিভিন্ন অঙ্গ-প্রত্যঙ্গের কর্মের উন্নতি ঘটতে পারে কিন্তু বিকাশ বলতে বৃদ্ধিকে বোঝায় না।

বিকাশের ফলে ব্যক্তির বিভিন্ন অঙ্গ-প্রত্যঙ্গের কার্য্য-ক্ষমতার উন্নয়ন ঘটে কিন্তু বিকাশের অর্থ বৃদ্ধি নয়।

আপনার অগ্রগতি যাচাই করুন—1

বৃদ্ধি কি বিকাশ থেকে আলাদা? যদি হয়, তাহলে কেমনভাবে? 50টি শব্দে লিখুন।

— —

— —

— —

1.3 বৃদ্ধি ও বিকাশের নীতি

বৃদ্ধি হল একটি সক্রিয় গতিশীল প্রক্রিয়া যা অবিরত পরিবর্তনের সঙ্গে সম্পর্কিত। শিশুদের মধ্যে যে বর্তমান অভিজ্ঞতা আছে তা পরবর্তী অভিজ্ঞতার প্রকৃতি ও গতিপথ স্থির করে। স্বাভাবিক শিশু হল একজন বাড়ন্ত সত্তা। অর্থাৎ যে যত বাড়ে তত উচ্চতা ও ওজন তার বাড়ে। তারও বৃদ্ধি পায় গতি, উপলব্ধি, প্রাক্ষোভিক নিয়ন্ত্রণ, সামাজিক সমন্বয়, ভাষাসমূহ ও মনোবিদ্যাগত ও সামাজিক এরূপ অন্যান্য বিষয়সমূহ। বৃদ্ধি ও বিকাশের নয়টি নীতি আমরা নিম্নে দিলাম যেগুলি আপনি বিশ্লেষণ করতে পারেন এবং দেখতে পারেন যে এগুলি আপনার চারিদিকের শিশুদের ক্ষেত্রে প্রযোজ্য কিনা।

নোট

1. বিকাশ একটি ধারা মেনে চলে—

ব্যক্তির জন্মপূর্ব ও জন্ম পূর্ববর্তী বিকাশ একটি ধারা বা সাধারণ পরম্পরা মেনে চলে। শারীরিক বিকাশ, পেশী-সঞ্চালন সংক্রান্ত বিকাশ বা ভাষা বিকাশ এবং বৌদ্ধিক বিকাশ ঘটে নির্দিষ্ট ধারাবাহিকতা মেনে।

2. বিকাশের নির্দেশনা নীতি—

বিকাশের ধারাবাহিকতা হল 'মস্তক—ল্যাজ' ('Cephalo-caudal') যেমন 'Proximodistal' ধারাবাহিকতা। মস্তক থেকে অঙ্গ-প্রত্যঙ্গ পর্যন্ত বিকাশের গতিধারা যথা, দ্রাঘিমা বরাবর অক্ষরেখাকে বলে 'Caphalo caudal' বলে এবং কেন্দ্র থেকে পরিধি পর্যন্ত বলে 'Proximodistal'. শিশু প্রথমে তার মস্তক নিয়ন্ত্রণ অর্জন করে, তারপর বাহু ও পাগুলি। অনুরূপভাবে, প্রথমে শিশু দীর্ঘ পেশীগুলিকে নিয়ন্ত্রণ করা শেখে তুলনামূলক ক্ষুদ্র পেশীগুলি দিয়ে সূক্ষ গতি-সঞ্চালন করে।

এর অর্ত, শিশু প্রথমে বাহুর নিয়ন্ত্রণ ক্ষমতা উন্নত করে এবং তারপর আঙ্গুলের নিয়ন্ত্রণ এবং অন্য সব।

3. ধারাবাহিক বিকাশ—

বিকাশ প্রক্রিয়া হল নিরবচ্ছিন্ন-মাতৃগর্ভ থেকে আমৃত্যু পর্যন্ত, যথা—জন্ম থেকে সমাধি পর্যন্ত।

4. বৃদ্ধি ও বিকাশের হার একরূপ হয়না—

যদিও বিকাশ নিরবচ্ছিন্ন, তথাপি বৃদ্ধি ও বিকাশের হার একরূপ নয়। প্রাথমিক বয়সে দ্রুত পরিবর্তন হয় এবং পরবর্তী জীবনে ধীরে পরিবর্তন হয়। বয়ঃসন্ধিক্ষণে পুনরায় বৃদ্ধি ও বিকাশ দ্রুত ঘটে, যেটা জীবনের পরবর্তী স্তরে ধীরে ঘটে।

5. ব্যক্তি-স্বতন্ত্র্যের নীতি—

বিকাশের বিষয়ে, বিভিন্ন মাত্রার বিকাশের হার ও গুণমান ব্যক্তি থেকে ব্যক্তিতে পার্থক্য হয়। বালক ও বালিকার মধ্যে বৃদ্ধির হারে পার্থক্য হয়। বালকদের তুলনায় বালিকাদের আগে পরিণমন হয়। উদাহরণস্বরূপ, বালিকারা একই বয়সের বালকদের থেকে তুলনামূলক বেশী লম্বা এবং যথেষ্ট পরিণত হয়।

6. বিকাশ সাধারণ থেকে বিশেষ দিকে অগ্রসর হয়—

বিকাশের সব মাত্রা বেশিরভাগ ক্ষেত্রে বিশেষ দিকের আগে সাধারণদিকে তাদের জবাব আসে। ভাষা বিকাশের ক্ষেত্রে বিভিন্ন শব্দ, অক্ষর বলার আগে শিশু বিভিন্ন শব্দ আধো আধো উচ্চারণ করে। অনুরূপভাবে শিশু বড় বস্তু দেখে ছোট বস্তু দেখার আগে। এর অর্থ শিশুর সকল বিকাশের ক্ষেত্রে সাধারণ সামর্থ বিশেষ কার্য্যক্রমের দিকে অগ্রসর হয়।

7. একীভবনের নীতি—

সাধারণ দিক থেকে বিশেষ দিকে আবার অগ্রসরের দ্বারা এই বিশেষ অগ্রসর সমগ্র থেকে একীভবন হয়। এর অর্থ হল সমগ্র থেকে অংশের দিকে অগ্রসর এবং পুনরায় অংশগুলি থেকে সমগ্র দিকে।

নোট

8. পারস্পরিক সম্পর্কের নীতি—

শিশুর বিকাশের নানাদিক একে অপরের সঙ্গে পারস্পরিক সম্পর্কের ফলে পরস্পর নির্ভরশীল। সামাজিক বিষয়ে একমাত্রীয় বিকাশ প্রাক্ষোভিক বিকাশকে প্রভাবিত করে, এবং ফলে বিকাশের সকল মাত্রা একে অপরের সঙ্গে সম্পর্কিত বা প্রভাবিত।

9. ভবিষ্যদ্বানীমূলক—

প্রত্যেক শিশুর বৃদ্ধি ও বিকাশের হার হয় দৈহিক অথবা বৌদ্ধিক বিকাশ ভবিষ্যৎ-বাণী করার সুযোগ দেয়।

আপনার অগ্রগতি যাচাই করুন—2

বৃদ্ধি ও বিকাশকে অনুসরণ করে যে নীতিগুলি তা লিখুন।

1.4 বৃদ্ধি ও বিকাশের মধ্যে সম্পর্ক

'বৃদ্ধি' ও 'বিকাশ'—দুটি শব্দের মধ্যে সম্পর্ক এখন বিবেচনা করা প্রয়োজন। বিজ্ঞানসম্মত সাহিত্যে, এই দুটি শব্দ বিনিময়যোগ্য হিসাবে ব্যবহৃত হয়। বৃদ্ধি হল কোষময় গুণাগুণ, যেমন—উচ্চতা, ওজন, বুদ্ধি ইত্যাদির বৃদ্ধি। অপরদিকে, বিকাশ হল সব অংশের সংগঠন যা বৃদ্ধি ও পৃথকীকরণ সৃষ্টি করে। অন্য কথায়, বৃদ্ধিকে উল্লেখ করা যেতে পারে পরিবর্তনকে বর্ণনা করতে যা শরীর ও আচরণের ক্ষেত্রে নির্দিষ্টভাবে ঘটে থাকে, যখন বিকাশ শব্দটি ব্যবহৃত হতে পারে শিশুর সর্বাঙ্গীন বিষয়ের ক্ষেত্রে। বৃদ্ধি শব্দটির সংজ্ঞার বিষয়ে, কেউ কেউ বিবেচনা করেন যে বৃদ্ধি একটি প্রক্রিয়া যেটা ব্যক্তির নির্দেশ ও নিয়ন্ত্রণ ছাড়া ঘটে থাকে। বৃদ্ধি পরিণমন ও শিখন—উভয়ের উপর নির্ভর করে। পরিণমন বলতে বোঝায় সময়ের ফলে মাংসপেশী এবং স্নায়ুবিক তন্ত্রের পরিবর্তন, এবং শিখন বলতে বোঝায় ব্যক্তির উপর ক্রিয়াশীল যথার্থ পরিবেশগত শক্তির প্রভাব। ঘটনা হল, সমগ্র বিকাশ হল ধারাবাহিক পরিবর্তন যা যুক্ত থাকে পরিণমন তথা পরিবেশের উপাদানের উপর নির্ভরশীল। বহুসংখ্যক বৃদ্ধির প্রক্রিয়ার উপর। বৃদ্ধির প্রক্রিয়া পরিবেশের সঙ্গে শিশুর ঘাত-প্রতিঘাতের শর্তের দ্বারা প্রভাবিত হয়। হাঁটার শিখন অথবা কথা বলার শিখনের মত কিছু বৃদ্ধির প্রক্রিয়া অপেক্ষাকৃত কম সময় নেয়। কিন্তু অন্যগুলির অনেক বেশী সময়ের প্রয়োজন হয়। এটা একমাত্র যখন আমরা পূর্বের আচরণের সঙ্গে বর্তমান আচরণ তুলনা করে থাকি তখন আমরা দেখতে সমর্থ হই যে বৃদ্ধি ঘটেছে।

নোট

আপনার অগ্রগতি যাচাই করুন—3

আপনি কিভাবে বিকাশের সঙ্গে বৃদ্ধির সম্পর্ক করবেন? 50টি শব্দে লিখুন।

————————————————————————————————

————————————————————————————————

————————————————————————————————

1.5 বৃদ্ধি ও বিকাশে প্রভাববিস্তারকারী উপাদানসমূহ

গর্ভাবস্থা থেকে মায়ের গর্ভে জীবনের শুরু থেকে মানবের বৃদ্ধি ও বিকাশ বিভিন্ন ধরণের উপাদান দ্বারা প্রভাবিত হয়। এই উপাদানগুলি বিস্তারিতভাবে অভ্যন্তরীণ ও বহিঃস্থ হিসাবে শ্রেণীবিভক্ত। আসুন আমরা নিম্নরূপে এই উপাদানগুলি আলোচনা করি।

অভ্যন্তরীণ উপাদানসমূহ :

যে সব উপাদান ব্যক্তির মধ্যে থাকে তাকে অভ্যন্তরীণ উপাদান বলা হয়।

এই উপাদানসমূহ হল—

1. বংশগতি উপাদানসমূহ
2. জৈবিক ও নিয়মতান্ত্রিক উপাদানসমূহ
3. বোধশক্তি
4. প্রাক্ষোভিক উপাদানসমূহ
5. সামাজিক প্রকৃতি

আসুন আমরা আলোচনা করি শিশুর বৃদ্ধি এবং বিকাশের উপর এইসব অভ্যন্তরীণ উপাদানগুলির প্রভাব।

1. বংশগতি উপাদানসমূহ : বংশগতি উপাদানসমূহ মাতৃ জঠরে গর্ভস্থ হওয়ার সময়ে ক্রিয়া করে। বংশগতির অংশ গঠনের ক্ষেত্রে অব্যবহিত পিতা-মাতার কাছ থেকে জিন ও ক্রোমোজোম রূপে সন্তানদের মধ্যে স্থানান্তরিত হয়। এই গঠন প্রকৃত প্রারম্ভিক বিন্দু এবং সমগ্র বৃদ্ধি ও বিকাশের ভিত্তি যেটা শিশুর পরবর্তী জীবনে ঘটে থাকে। উচ্চতা, ওজন, চোখ ও চামড়ার রং, কেশের চরিত্র, সমস্ত কিছু এই বংশগতির প্রভাবে স্থির হয়ে থাকে। শারীরিক গঠন, স্নায়বিক অবস্থা ও অন্যান্য জিনিস যেগুলি নিয়মতান্ত্রিক গঠন প্রণালী, শারীরিক রসায়ন এবং শারীরিক বিকাশ ইত্যাদি কিছুটা পরিমাণ বংশগতির উপাদানসমূহের দ্বারা নিয়ন্ত্রিত হয়।

2. জৈবিক ও নিয়মতান্ত্রিক উপাদানসমূহ : একটা শিশুর স্বাভাবিক দৈহিক কাঠামোর গঠন, শারীরিক ও দেহ-রসায়ন সমগ্র জীবনব্যাপী তার বৃদ্ধি ও বিকাশকে প্রভাবিত করে। নিম্নের প্রণালীতে এর সত্যতা প্রমাণ করা যেতে পারে।

1. একজন শিশু যার শারীরিকভাবে দুর্বল অথবা যার অভ্যন্তরীণ বিকলাঙ্গতা আছে সে তার

নোট

স্বাভাবিক বৃদ্ধি ও বিকাশের বিষয়ে সন্তোষজনক ফল আশা করতে পারে না। সে সাধারণত দুর্বলতায় ভোগে যেটা তার দৈহিক বৃদ্ধি শুধুমাত্র ব্যাহত করে না বরং তার অন্যান্য ক্ষেত্রের বিকাশ তথা মানসিক, সামাজিক ও প্রাক্ষোভিক বিকাশকে প্রভাবিত করে।

2. স্নায়বিক পদ্ধতি যেটা শারীরিক চলনকে নিয়ন্ত্রণ করে, শিশুর প্রজ্ঞামূলক ক্ষেত্রের বৃদ্ধি ও বিকাশকে প্রভাবিত করে।

3. একজন ব্যক্তির জন্ম থেকে তার গ্রন্থি বা নালিহীন গ্রন্থিসমূহ তার বৃদ্ধি ও বিকাশের উপর প্রভাব বিস্তারকারী কার্যকর উপাদানসমূহ। দেহের রসায়ন এই গ্রন্থিগুলি দ্বারা গঠিত হয়। এই গ্রন্থিগুলির প্রত্যেকটি এর নিজস্ব রাসায়নিক পদার্থগুলিকে গুপ্ত অবস্থায় রাখে যার নাম হরমোন। এই হরমোনগুলি রক্ত প্রবাহে পৌঁছায় এবং সারা শরীরব্যাপী ছড়িয়ে পড়ে। এগুলি ঐ সব কোষগুলিকে প্রভাবিত করে যার উপর শারীরিক অবস্থার কার্য্যকলাপ, প্রাক্ষোভিক কর্মাদি এবং এমনকি চিন্তাসমূহও নির্ভর করে। সুতরাং নালিহীন গ্রন্থিগুলির কার্য্যকলাপ বিভিন্ন বিষয়ে অনেকটা প্রভাবিত করে শারীরিক চর্চা করে—শারীরিক, সামাজিক, মানসিক, প্রাক্ষোভিক এবং নৈতিক দিকের ব্যক্তির বৃদ্ধি ও বিকাশকে। বৃদ্ধি ও বিকাশের ভারসাম্যের জন্য, এই গ্রন্থিসমূহের নিয়মমাফিক কার্য্যক্রম প্রয়োজন। এই গ্রন্থিগুলির অত্যধিক কার্য্যক্রমের ক্ষেত্রে (মাত্রাতিরিক্ত কাজ) বা স্বল্প কার্য্য ক্রমের (অস্বাভাবিক স্বল্প কাজ) ক্ষেত্রে, বৃদ্ধি ও বিকাশে এর ফলাফল হয় মারাত্মক অস্বাভাবিকতা।

4. বুদ্ধি (Intelligence) : বুদ্ধি—শিখনের ক্ষমতা হিসেবে, সমন্বয় করে এবং সঠিক সময়ে সঠিক সিদ্ধান্ত গ্রহণ করে। শিশুর সামগ্রিক বৃদ্ধি ও বিকাশে এর তাৎপর্যপূর্ণ ভূমিকা থাকে। একজন বুদ্ধিমান ব্যক্তিকে তাঁর প্রক্ষোভকে যুক্তিপূর্ণ নিয়ন্ত্রণ করতে বলা হয়, এবং তাঁকে ভালোভাবে ব্যক্তিগত ও সামাজিক সমন্বয় ঘটাতে দেখতে পাওয়া যায়। এভাবে, শিশুর শারীরিক, সামাজিক, প্রাক্ষোভিক, নৈতিক ও ভাষার বিকাশ বহুলাংশে প্রভাবিত ও নিয়ন্ত্রিত হয় বুদ্ধির উচ্চতার দ্বারা।

5. প্রাক্ষোভিক উপাদানসমূহ : প্রাক্ষোভিক উপাদানসমূহ, অর্থাৎ প্রাক্ষোভিক সমন্বয় ও পরিনমন ব্যক্তির সামগ্রিক বৃদ্ধি ও বিকাশে প্রভাব বিস্তারে একটা বড় ভূমিকা পালন করে। একজন শিশু যে ভয়, ক্রোধ, ঈর্ষা ইত্যাদির মত নঞর্থক প্রক্ষোভগুলি দ্বারা আচ্ছন্ন থাকে, সে শারীরিক, মানসিক, সামাজিক ও নৈতিক এবং ভাষা বিকাশে বিপরীতভাবে প্রভাবিত হয়। যদি একজন ব্যক্তি তাঁর প্রক্ষোভকে যুক্তিপূর্ণ নিয়ন্ত্রণ করতে না পারেন, তাহলে তিনি অবশ্যই তাঁর বৃদ্ধি ও বিকাশের ক্ষেত্রে ভুগে থাকবেন।

6. সামাজিক প্রকৃতি : একজন ব্যক্তির সামাজিকতা তার বৃদ্ধি ও বিকাশের অন্যান্য ক্ষেত্রে সমন্বয় ও প্রগতি অর্জন করতে সাহায্য করে। সে তার পরিবেশ থেকে শিখতে পারে, বেশিরভাগ সামাজিক প্রকৃতির মাধ্যমে, যেটা তার সঠিক বৃদ্ধি ও বিকাশে তার আশীর্বাদ হিসেবে প্রমাণিত হতে পারে।

নোট

বাহ্যিক উপাদানসমূহ :

ব্যক্তির পরিবেশের বাইরে যে সব উপাদানগুলি থাকে যা তার বৃদ্ধি ও বিকাশকে প্রভাবিত করে তাকে বাহ্যিক উপাদান বলে। শিশুর গর্ভে থাকার অব্যবহিত পর থেকে এই উপাদানগুলি তার বৃদ্ধি ও বিকাশের ক্ষেত্রে প্রভাব বিস্তার করে ভূমিকা পালন করতে শুরু করে। এইগুলি নিম্নলিখিতভাবে সংযুক্ত হতে পারে।

1. মাতার গর্ভের পরিবেশ : মাতার গর্ভে ধারণের পর থেকে শিশুর জন্ম পর্যন্ত বৃদ্ধি ও বিকাশের দৃষ্টিকোণ থেকে সম্পূর্ণ গুরুত্বপূর্ণ শিশুর পুষ্টিবিধানের প্রয়োজন। কিছু বিষয় এই সময়ের সঙ্গে সংযুক্ত নিম্নে যেগুলি উল্লেখ করা হল :

(a) গর্ভাবস্থায় মাতার শারীরিক ও মানসিক স্বাস্থ্য।

(b) গর্ভের একক বা একাধিক শিশুর পুষ্টিবিধান করা।

(c) মাতৃ-গর্ভে ভ্রূণ অবস্থায় থাকাকালীন পরিমাণগত ও গুণগত পুষ্টিকর খাদ্য পাওয়া।

(d) ভ্রূণ ক্ষতিকারক বিচ্ছুরিত রশ্মি বা রশ্মি কণার নিয়ন্ত্রণাধীন আছে কিনা।

(e) স্বাভাবিক বা অস্বাভাবিক প্রসব।

(f) মাতৃগর্ভে শিশুর কোন ক্ষতি বা দুর্ঘটনা।

2. জন্মের পর প্রাপ্ত পরিবেশ : জন্মের পর শিশু যা কিছু বিভিন্ন অবস্থা বা তার পরিবেশের শক্তি থেকে পায় তা তার বৃদ্ধি ও বিকাশকে নানাভাবে প্রভাবিত করে। নিম্নে এগুলি বর্ণনা করা হল :

(a) জীবনে দুর্ঘটনা এবং ঘটনাসমূহ : ব্যক্তির বৃদ্ধি ও বিকাশ প্রচুর পরিমাণে প্রভাবিত হয় ভাল ও মন্দ ঘটনার দ্বারা এবং তার জীবনে যে দুর্ঘটনা ঘটেছে তার দ্বারা। কখনো কখনো একটা ছোট আঘাত বা একটা দুর্ঘটনা তার জীবনের সামগ্রিক বিকাশের গতিপথকে পরিবর্তন করে দিতে পারে। উদাহরণস্বরূপ যদি একটা শিশুর স্নায়বিক পদ্ধতি একটা দুর্ঘটনার দ্বারা ক্ষতিগ্রস্থ হয়, তাহলে এটা তার মানসিক বিকাশকে ক্ষতি করবে এবং ফলস্বরূপ এটা তার বিকাশের অন্যান্য ক্ষেত্রে—সামাজিক, প্রাক্ষোভিক, নৈতিক ও দৈহিক ক্ষেত্রে প্রভাব ফেলবে।

(b) শারীরিক পরিবেশের গুণমান, চিকিৎসা ব্যবস্থা এবং পুষ্টিকর খাদ্য। একজন শিশুর বৃদ্ধি ও বেঁচে থাকা ও কাজের প্রাপ্ত শারীরিক পরিবেশ চিকিৎসা ব্যবস্থা ও পুষ্টিকর খাদ্যের গুণমানের দ্বারা প্রচুর পরিমাণে প্রভাবিত হয়। এগুলির মধ্যে যুক্ত থাকে খোলা জায়গা, সুষম খাদ্য, ভাল জীবন-যাপন এবং কাজের পরিবেশ ও চিকিৎসা ব্যবস্থা। এই জিনিসগুলোর সঠিক প্রাপ্তির উপর ভিত্তি করে যে তার বৃদ্ধি ও বিকাশের উচ্চতা অর্জন করবে।

(c) শিশু তার বৃদ্ধি ও বিকাশের শক্তির জন্য যে সামাজিক ও সাংস্কৃতিক পরিবেশ পেয়ে থাকে, তা তার জ্ঞানেন্দ্রিয় বিকাশের সামগ্রিক গতিপথকে প্রভাবিত করে। সে বিকশিত করে এবং হয়

নোট

যেটা তার জন্য মঞ্জুরীকৃত এবং আকাঙ্খিত এইসব সামাজিক ও সাংস্কৃতিক শক্তির দ্বারা। নিম্নে এ ধরণের কিছু অবস্থা বর্ণিত হল :

1. পিতামাতা ও পরিবারের যত্ন যেটা শিশু পেয়ে থাকে।
2. পিতা-মাতা ও পরিবারের অর্থনৈতিক ও সামাজিক পদমর্য্যাদা।
3. প্রতিবেশীগণের এবং চারপাশের পরিবেশের গুণমান।
6. শিশু কর্তৃক প্রাপ্ত চিকিৎসা ব্যবস্থার গুণমান এবং তার পরিবার তার জাতি, ধর্ম, জাতিত্ব বা নাগরিকত্বের বিষয়।
7. শিশুর কাছে প্রাপ্ত শিক্ষাগত ও বৃক্তিগত সুযোগ-সুবিধার গুণমান।
8. সরকার, আইনসমূহ ও সমাজের সংগঠনের গুণমান যাতে শিশুর বিষয়-সম্পত্তি থাকে।
9. শক্তি ও পদমর্য্যাদা যেটা দেশ ভোগ করে তার গুণমান যেখানে শিশু থাকে।

আপনার অগ্রগতি যাচাই করুন—6



দুটি অধিকতর গুরুত্বপূর্ণ বিষয় 75 শব্দ বর্ণনা করুন যা শিশুদের বৃদ্ধি ও বিকাশকে প্রভাবিত করে।

1.6 বৃদ্ধি ও বিকাশের পর্যায়

বৃদ্ধি ও বিকাশের ধাপ (পর্যায়) দুটো উপ-বিভাগে—একটি রীতির উপর ও আর একটি তাদের অন্তর্নিহিত অর্থ, শিক্ষণ ও শিখনের জন্য বর্ণিত হল।

1.6.1 উন্মেষকাল থেকে শৈশবকাল পর্যন্ত বৃদ্ধির পর্যায় ও তার অন্তর্নিহিত অর্থ।

নিম্নলিখিতগুলি হয় বিকাশের প্রধান পর্যায় বা স্তরসমূহ

(i) জন্ম থেকে 2 বছর পর্যন্ত : উন্মেষকাল।

(ii) 2 বছর থেকে 6 বছর পর্যন্ত : প্রারম্ভিক শৈশবকাল।

(iii) 6 বছর থেকে 12 বছর পর্যন্ত : প্রান্তীয় শৈশবকাল।

(iv) 12 বছর থেকে 19 বছর পর্যন্ত : কৈশোর।

আসুন আমরা পর্যায়গুলি বিস্তারিতভাবে আলোচনা করি :

(i) উন্মেষকাল : জন্ম থেকে 2 বছর পর্যন্ত।

নোট

শারীরিক বিকাশ :

শৈশবে, একটা শিশু বিভিন্ন পন্থায় খুব দ্রুত বিকাশ লাভ করে। শিশুরা তাদের চারপাশের পরিবেশের সঙ্গে মিথস্ক্রিয়া করতে শেখে তাদের ইন্দ্রিয়গুলি ব্যবহার করে এবং তাদের দেহ বলিষ্ঠ ও পরিণতি লাভ করে। একভাবে শিশুরা তাদের দেহ ব্যবহার করা শেখে বৃহৎ শারীরিক কার্য অর্জন করার মাধ্যমে শেখে বা মোট সঞ্চালনমূলক দক্ষতা, যেমন—হামাগুড়ি দেওয়া এবং হাঁটা। একজন শিশু দৈহিক ধারাবাহিকতার ধাপের পরম্পরা নিষ্পন্ন করে যেটা একে অপরের সঙ্গে আরো কঠিন ওজটিল ক্রিয়া ধারাবাহিকভাবে শিখতে সাহায্য করে তাকে। বিশেষভাবে গুরুত্বপূর্ণ শারীরিক দক্ষতা বিকাশ অনুসরণ করে একটা আদর্শ বা নমুনাকে যা মাথা উঁচু করা ধরে রাখে, উল্‌টিয়ে যাওয়া, ঘটায়, বসে থাকা, হামাগুড়ি দেওয়া এবং দাঁড়ানো এবং চূড়ান্তভাবে হাঁটার সর্বোচ্চ সীমায় পৌঁছানো। শিশুর জীবনের 2 থেকে 3 মাসের মধ্যে মাথা উঁচু করা তার বাহুর উপর চাপ দেওয়া বিকাশ লাভ করে। 4 মাসের সময় গড়াতে পারে এবং 6 মাসে বেশীর ভাগ শিশু সাহায্য ছাড়া বসতে পারে। 7 থেকে 10 মাসের মধ্যে শিশু হামাগুড়ি দিতে পারে এবং কখনো কখনো 10 মাস পরে, একজন শিশু দাঁড়াতে শেষখ এবং প্রথম পদক্ষেপ নেয়। ঠিক জন্মের পর, একজন শিশুর কোন নিয়ন্ত্রণ থাকে না তার ঘাড়ের পেশীর উপর। অন্য কোন শারীরিক দক্ষতার আগে কর্তৃত্ব করতে পারে, অবশ্যই শেখে তার মাথাটাকে উঁচু করতে এবং ধরে রাখতে। বাহু ও পায়ের বিকাশ প্রায়ই শিশুর কাছে স্বাভাবিকভাবে ঘটে যেহেতু সে তার অঙ্গ-প্রতঙ্গগুলি দিয়ে প্রসারণ ও ধাক্কা দেয়। ঠিক বড় পেশীর মত গুরুত্বপূর্ণ সুন্দর সঞ্চালনমূলক দক্ষতা যেটা শিশু সম্পাদন করে। শিশুরা প্রায়শই একটা খেলনাকে আঁকড়িয়ে ধরে 4 থেকে 5 মাস বয়সে। 9 থেকে 12 মাসের মধ্যে, শিশুর শাঁড়াশির মত আঁকড়িয়ে ধরা বিকাশ লাভ করে। যেটা তার সমগ্র হাত দিয়ে ধরার পরিবর্তে প্রথম দুটো আঙ্গুল দিয়ে কোন কিছু ধরার ক্ষমতা, জীবনের দ্বিতীয় বছরে, টল্‌তে টল্‌তে হাঁটা চলতে থাকে আরো গতিময়ভাবে এবং আরো চটপটেভাবে। কমবেশী 15 মাসে, শিশুরা সিঁড়ি, উঁচু চেয়ার এবং আসবাবপত্র, বাইতে শুরু করে, কিন্তু তারা তখনো পর্যন্ত যে চূড়ায় পৌঁছায় সেখান থেকে নামতে সক্ষম হয় না। 18 মাসের মধ্যে, টলার ভারসাম্য হাঁটতে বেশী দৃঢ় হয় যেহেতু তারা তাদের পায়ে সহজভাবে হাঁটতে পারে ইন্দ্রিয়গ্রাহ্য বস্তুর দিকে এবং পিছনে, পাশভাবে, বৃত্তকারে হাঁটতে শুরু করে এবং এমনকি দৌড়াতে শুরু করে। দ্বিতীয় বছরের শেষের কাছাকাছি, যে টলতে টলতে হাঁটে সে জটিল সামগ্রিক সঞ্চালনমূলক দক্ষতা উন্নত করতে শুরু করে যেমন, দূরে কোন বস্তু নিক্ষেপ করা ও লাথি মারা। 24 মাসের মধ্যে, তারা একই স্থানে লাফাতে পারে এবং একই স্থানে লাফিয়ে ভারসাম্য রক্ষা করা এবং অল্প সময়ের জন্য এক পায়ে ভারসাম্য রক্ষা করতে পারে এবং তাদের তিনচাকা সাইকেলে প্যাডেল (Paddling) করতে শুরু করতে পারে। দ্বিতীয় বছরের শেষে, টলমল পায়ে যে হাঁটে সে অত্যন্ত দ্রুত গতিসম্পন্ন হয় এবং এক স্থান থেকে অন্য স্থানে দৌড়াতে এবং দ্রুত হাঁটতে পারে।

ভাষার বিকাশ :

প্রথম শিশুরা যখন জন্মগ্রহণ করে, তারা তাদের বেশীরভাগ যোগাযোগ কান্নার মাধ্যমে করে। তারা ক্ষুধার্ত হলে তত্ত্বাবধায়ককে কেঁদে বলে, ক্লান্ত, বা অসন্তুষ্ট হলে, তাদের তোয়ালে নোংরা হলে, ব্যথা হলে অথবা শুধুমাত্র মনোযোগ ও স্নেহ আকর্ষণ করার জন্য কান্নার মাধ্যমে বলে। যাইহোক, শিশুরা জন্ম থেকে কথ্য ভাষা শিখছে। যেহেতু তাদের তত্ত্বাবধায়করা তাদের সঙ্গে কথা বলেন তাদের দর্শন ক্ষেত্রে, তাদের মুখ-মণ্ডল থেকে 8-10 ইঞ্চি দূর থেকে, তারা তত্ত্বাবধায়কের মুখ চালনা নকল করবে। প্রায় 2 – 3 মাস বয়সে, শিশুরা ঘুঘু-ধ্বনী করতে শুরু করে এবং নরমভাবে, আনন্দ বা উত্তেজনা অতিরঞ্জিতভাবে প্রকাশ করতে স্বরধ্বনী করতে শুরু করে। 3 – 4 মাসে, শিশুরা মুখে অনেক শব্দ যোগ করে এবং ব্যঞ্জন ধ্বনী করতে শুরু করে b, k, m, g এবং p এর মতো। 4 মাসের মধ্যে, শিশুরা ‘‘গগা’’ ও ‘‘ওহপু’’-এর মতো অর্থহীন শব্দ গঠন করতে শুরু করে স্বরধ্বনি ও ব্যঞ্জনধ্বনী একত্র করে। যেহেতু তারা পরীক্ষা করতে শুরু করে কিভাবে শব্দ একত্রে সংযোগ করতে পারে। এই বয়সে, শিশুরা তাদের মুখ ও ঠোঁট বাজাতে পারে এবং তাদের ঠোঁটগুলি ও মুখ ব্যবহার ও নিয়ন্ত্রণ করে বিড়্বিড়্ আওয়াজ অনুশীলন করতে পারে। প্রায় 6 মাস বয়সে, তারা আধো আধো কথা বলতে পারে। 7 মাসের মধ্যে, শিশুরা অপরের সঙ্গে কথা বলে উত্তর দিতে শুরু করে। একইসঙ্গে অপরের সঙ্গে কথা বলার পরিবর্তে অন্যদের মতো প্রত্তোত্তর দিতে পারে। ইতিমধ্যে, শিশুরা তত্ত্বাবধায়ক যে শব্দ করেন তা অনুকরণ করার চেষ্টা করবে। বিশেষত জন্তুদের আওয়াজ যেমন গরুর হাম্বা ডাক। প্রায় 8 মাস বয়সে, শিশুরা শব্দ সংযোগ করতে শুরু ও চিন্তা করে যেটা সার্বিকভাবে বোঝা যায়। উদাহরণস্বরূপ, একজন শিশু ‘‘দুধ’’ শব্দটি শোনে তখন সে জানে যে শীঘ্রই তার বোতলটি পেয়ে যাবে, যখন সে বলে ‘‘বার’’, তখন সে পাবে তার প্রিয় খাদ্যের ভাণ্ডার। তাদের জীবনের প্রথম বছরের শেষের কাছাকাছি, শিশুরা এতদিন যে ভাষা শিখছে সেসব ভাষার পাঠ একত্রে রাখতে শুরু করে। 9 থেকে 12 মাসের মাঝে, শিশুরা প্রথম তাদের সঠিক কথা বলতে শুরু করে, যেমন ‘‘মামা’’ এবং ‘‘দাদা’’। এই সময়ে তারা ধীরে ধীরে কিছু অতিরিক্ত শব্দ তাদের শব্দতালিকা যুক্ত করতে পারে। 12 মাস বয়সের মধ্যে কিছু শিশুর স্পষ্ট শব্দ তালিকার মধ্যে 2-3 এর মতো শব্দ থাকতে পারে। টলমল পায়ে হাঁটতে হাঁটতে দ্বিতীয় বছরে প্রবেশ করে। তাদের ভাষা ব্যবহারের ক্ষমতা আরো সুস্পষ্ট হয়। তারা নিজের জন্য শব্দ সংগ্রহ চালিয়ে যায় এবং তারা যে শব্দগুলি বোঝে তার সংখ্যা বাড়িয়ে যায়। যে শব্দগুলি তাদের কাছে তাৎপর্যপূর্ণ ও গুরুত্বপূর্ণ তা তারা শেখে,যেমন তাদের প্রিয় খেলনা ও ব্যক্তিদের নাম। দ্বিতীয় বছরের শেষার্ধে, টলমল পায়ের শিশুদের ভাষা ব্যবহার করার ক্ষমতা আরো বাস্তবধর্মী হয়। 18 থেকে 24 মাস বয়সের মধ্যে সদ্য হাঁটতে শেকা শিশুরা 2-3টি শব্দ একত্র করে সহজ উক্তি তৈরী করতে শুরু করে, যাকে বলে দূরবার্তা সংক্রান্ত ভাষা। সদ্য হাঁটতে শেখা শিশুরা প্রায় 50 টা শব্দ 20 মাসের মধ্যে এবং 24 মাসের মধ্যে 100-এর বেশী শব্দ জানতে পারে।

নোট

প্রজ্ঞামূলক বিকাশ (Cognitive development) :

শিশুরা শুধুমাত্র জীবনের প্রথম 2 বছর ব্যাপী দৈহিক বা শারীরিকভাবে বৃদ্ধি প্রাপ্ত হয় না, বরং প্রজ্ঞামূলকভাবে (মানসিকভাবে) বৃদ্ধিপ্রাপ্ত হয়। যখন শারীরিকভাবে বৃদ্ধিপ্রাপ্ত বা পরিবর্তিত হয় তখন সহজে এটা লক্ষ্য করা যায় এবং সম্পূর্ণ নির্ভুল রাশি যেমন, ইঞ্চি ও পাউন্ডে পরিমাপ করা যায়। প্রজ্ঞামূলক পরিবর্তন ও বিকাশ সুস্পষ্টরূপে নির্ধারণ করা একটু কঠিন। সুতরাং, মানীসিক ও প্রজ্ঞামূলক বিকাশ যথেষ্ট পরিমাণে দক্ষ ব্যক্তিরা জানবেন তাদের সতর্ক পর্যবেক্ষণের উপর ভিত্তি করে যেগুলি বিকাশমূলক তাত্ত্বিকগণ করে থাকেন, যেমন পিয়াজেঁর প্রজ্ঞামূলক বিকাশের তত্ত্ব এবং এরিকসনের মনোসামাজিক স্তরসমূহ। পিয়াজেঁর মতানুসারে, নবজন্মপ্রাপ্ত শিশুরা সম্পূর্ণ প্রতিবিম্বিত আচরণের মাধ্যমে পরিবেশের সঙ্গে মিথষ্ক্রিয়া করে। তারা ভাবে না বিষয়গুলি যেটা তারা করতে যাচ্ছে, কিন্তু তারা বরং তাদের সহজাত প্রবৃত্তি অনুসরণ করে এবং স্বতস্ফূর্তভাবে ঘাতপ্রতিঘাত করে থাকে তাদের খাদ্য, বায়ু এবং শুশ্রুষা পাওয়ার জন্য। পিয়াজেঁ বিশ্বাস করেন যে যেহেতু শিশুরা তাদের ইন্দ্রিয়ের মাধ্যমে পরিবেশে বাড়ে ও শেখে, তারা লক্ষ্য সুখী আচরণে স্বেচ্ছায় নিয়োজিত রাখে। অন্যকথায়, তারা ভাবতে শুরু করে সেই বিষয় যেটা তারা সম্পাদন করতে চায়, এটা যেভাবে সম্পাদন করতে চায় এবং তারপর তারা এটা করে থাকে। যখন শিশুরা কোন বস্তু বা বিষয় স্থায়ীভাবে বর্ণনা করে তখন এটাও হয় যেটা বোঝার ক্ষমতা যা তখনো কিছু বিদ্যমান থাকে এমনকি যদিও এটা দেখতে না পায়। এই দুটি ধাপ, লক্ষ্য সুখী আচরণ এবং বস্তুর স্থায়ীত্ব, সবার দৃষ্টিগোচর করা এবং শিশুর প্রজ্ঞামূলক বিকাশের প্রধান কার্য্যক্রম হয়ে থাকে।

প্রাক্ষোভিক/সামাজিক বিকাশ :

জন্ম থেকে শিশুরা আগ্রহ, হয়রানি, বিরোক্তি ভোগ করতে পারে এবং দৈহিক ভঙ্গী করে তা জানাতে পারে। 2 থেকে 3 মাসে শিশুরা স্বতঃস্ফূর্ত 'সৌখিন সামাজিক হাসি' শুরু করে এবং কম-বেশি 4 মাসে স্বতঃস্ফূর্ত হাসতে শুরু করে। অতিরিক্ত 2 থেকে 6 মাসের মধ্যে, শিশুরা অন্যান্য অনুভূতি যেমন, রাগ, দুঃখ, আকস্মিকতা ও ভয় প্রকাশ করে। 5 থেকে 6 মাসের মধ্যে, শিশুরা অপরিচিত উদ্বেগ প্রদর্শন করতে শুরু করে। পরে প্রায় 6 মাসে, শিশুরা আবেগ ও অন্যান্য হাবভাব যা তারা দেখে নকল করতে শুরু করে ও প্রকাশ করে। 8 থেকে 10 মাসে, শিশুরা পৃথক উদ্বেগের অভিজ্ঞতা নিতে শুরু করে যখন তাদের প্রাথমিক তত্ত্বাবধায়ক থেকে তাদের পৃথক করা হয়। প্রায় 9 মাসে শিশুরা প্রথম রাগ দেখায় অসন্তোষ বা দুঃখ প্রকাশ করতে। 9 থেকে 10 মাসের মধ্যে শিশুরা অধিক আবেগপ্রবণ হয়। তারা অত্যন্ত সুখ থেকে নিবিড় দুঃখ/হতাশা/রাগে দ্রুত চলে যায়। এই আবেগের অস্থিরতা যতটা প্রকাশ পায় ততটা শিশুরা প্রায় 11 মাত্র পর্যন্ত তাদের আবেগ নিয়ন্ত্রণের কৌশল নিয়ন্ত্রণ করার জন্য কৌশলগুলোর বিকাশ ঘটায়। অপর শিশুদের আবেগ ভালোভাবে তৈরী হয়। প্রায় 12 মাসের সময়, শিশুরা শুধুমাত্র অপরের প্রকাশভঙ্গী জানবে না, বরং তাদের প্রকৃত আবেগের স্তর, প্রধানত হতাশা জ্ঞাত

নোট

হবে। এটা নোট করা আনন্দদায়ক যে কিছু শিশু হিংসা প্রদর্শন শুরু করে এই প্রথম বছরের শেষে, প্রায় 12 মাস বয়সে। দ্বিতীয় বছরের শেষে যেহেতু তারা টলমল পায়ে হাঁটতে পারে, তাই তারা আবেগের উন্নয়ণ ঘটায় যা তারা ইতিমধ্যে তৈরী করা চালিয়ে যায় যেটা তাদের মধ্যে ইতিমধ্যে ছিল। 13 থেকে 18 মাস বয়সের মধ্যে, পৃথক উদ্বেগ চাপা দিতে পারে যে বস্তু স্থায়ীভাবে বিকশিত হয় এবং তারা তাদের তত্ত্বাবধায়ককে বোঝে না এমনকি যখন তারা তাদের দেখতে পায় না। এটাও একটা বিষয় সেই সময়ে যেগুলিকে নিচে সংক্রামনজনিত বিষয়বস্তু হিসাবে ব্যবহার করে যেমন পশুদের বা কম্বলকে জড়িয়ে ধরা তাদেরকে ভোলাতে বা শান্ত করতে যখন তত্ত্বাবধায়ক সেখানে থাকে না। 15 থেকে 18 মাস বয়সের মধ্যে টলমল শিশুরা সাধারণত অন্য আবেগপ্রবণভাবে আন্দোলিত হতে শুরু করে। এই সময়ে, তারা জ্বালাতন করতে পারে এবং সহজভাবে হতাশাগ্রস্থ হয় এবং বদমেজাজ দেখায় তাদের আবেগকে প্রদর্শন করার জন্য। টলমল শিশুরা 21 মাস বয়সে কম জ্বালাতনকারী হয় এবং অধিক আরামপ্রিয় হয়। এই সময়ও শিশুরা যখন কোন কাজ করে বা নতুন পরিস্থিতিতে কোন কিছু চেষ্টা করে, তত্ত্বাবধায়কের অনুমোদনের দিকে তাকিয়ে থাকে তখন টলমল শিশুরা স্ব-চেতনতার নিদর্শন প্রদর্শন করে। 2 বছর বয়সের মধ্যে, টলমল শিশুরা অনেক ব্যাপকভাবে আবেগ দেখাতে পারে তাদের আবেগগুলিকে। বাস্তবিকপক্ষে, এই বয়সের মধ্যে টলমল শিশুরা যেটা চায় তা পাওয়ার জন্য এমনকি কিছু অনুভূতির মিথ্যা বিবরণ সাজাতে পারে। তারা জানে যে যদি তারা পড়ে যায় এবং আঘাত পাওয়ার আচরণ করে (এমনকি যদি তারা আহত নাও হয়), তারা শুশ্রূষা পাবে। যাইহোক, এমনকি তারা প্রায়ই দৈহিক ও মানসিকভাবে বিপর্যস্ত পরিস্থিতিতে থাকবে যা তাদের নিয়ন্ত্রণের জ্ঞানকে নষ্ট করে দেয় বা তাদের সাধারণ রুটিনকে পরিবর্তন করে। তাদের দ্বিতীয় জন্মদিনের কাছাকাছি সময়ে, পরের দুঃখে নিজে প্রকৃত দুঃখী বা সমমর্মী হয়—তা দেখা দেয়। যখন তারা কোনভাবে কাউকে আঘাত করে এবং অপরাধ স্বীকারে যোগ্যতা সম্পন্ন হয় তখন তারা মেনে নেওয়ার যোগ্যতাসম্পন্ন হয়।

(ii) প্রাথমিক বাল্যকাল (2 বছর থেকে 6 বছর পর্যন্ত)

1. দৈহিক বিকাশ : শৈশবকালের মতো 2 থেকে 6 বছর বয়সের সময়ে শিশুর শারীরিক বিকাশের মাত্রা দ্রুততর হয় না। একজন কৈশোরের দেহের অনুপাত গ্রহণ করতে শুরু করে শিশুর। পায়ের দিকের বৃদ্ধি দ্রুত ঘটে এবং মোট উচ্চতার প্রায় অর্ধেক হয়। মাথার অংশের বৃদ্ধি ধীরে ধীরে ঘটে এবং দেহের মধ্য অংশের বৃদ্ধি মাঝারী ধরণের হয়। সাধারণত তিন বছরের পুরুষ শিশুর দৈহিক ওজন 33 পাউণ্ড এবং উচ্চতা হয় 38 ইঞ্চি। বালিকারা ওজনে সামান্য কম ও উচ্চতায় সামান্য ছোট হয়। 5 বছরের মধ্যে, বালকদের গড় উচ্চতা 43 ইঞ্চি এবং গড় ওজন 43 পাউণ্ড হয়। উচ্চতা ও ওজোনের পার্থক্য নানা কারণে ঘটতে পারে। যেমন—পিতা-মাতার উচ্চতা, পুষ্টি, অসুস্থতা ইত্যাদি। দৈর্ঘ্য ও উচ্চতার অতিরিক্ত এই বয়সের শিশুদের মধ্যে আরো বিভিন্ন রকমের দৈহিক ও শারীরবৃত্তীয় বিকাশ ঘটে। পেশি খুব দ্রুত বৃদ্ধি পায়। জৈবিক পরিবর্তন,

নোট

যেমন—শ্বাসপ্রশ্বাস, হৃদযন্ত্রের গতি হ্রাস পায় এবং রক্ত চাপ নিয়মিত বৃদ্ধি পায়। এই বয়সের মধ্যে প্রাপ্ত বয়স্কদের মস্তিষ্কের প্রায় 90% গঠন হয়ে যায়। মস্তিষ্কের নিকটবর্তী স্নায়ুতন্ত্রগুলি প্রাক্‌বিদ্যালয়ের শেষ দিকেই পূর্ণতা লাভ করে।

2. সংবেদনশীলতার বিকাশ : প্রাক্‌বাল্যকালেই বিভিন্ন রকমের সঞ্চালনমূলক দক্ষতা তৈরি হয় যা পরে পুনরাবৃত্তি ঘটে। নিজের খাওয়া, পোষাক পরিধান করা, স্নান করা, চুল আঁচড়ানো, খেলনা দিয়ে খেলা, পেনসিলের ব্যবহার লাফানো, এক-পায়ে লাফানো ইত্যাদি 5/6 বছরেই শিশু করতে পারে। প্রত্যক্ষণের বিকাশ শুরু হয় পার্থক্যকরণ ও সংহতিকরণের গণ বিপ্লব থেকে। 2 থেকে 5 বছর বয়সের শিশুদের আচরণবিধি নিম্নের তালিকায় প্রদত্ত হল :

সঞ্চালন	2 বছর	3 বছর	4 ও 5 বছর
বিকাশ	সাহায্য ছাড়া হাঁটা লাফানো, দৌড়ানো	লাফানো, এক পায়ে লাফানো	সঙ্গীতে সাড়া দিয়ে স্বাধীন ও সক্রিয় গতি
মনোরম সঞ্চালনমূলক সমন্বয়সাধন	নকল করা	প্রতিযোগিতার আকার দিতে সাদৃশ্য এবং পার্থক্য দেখা	রঙের নামকরণ করতে পারা।
সংবেদনশীলতা	অবচেতন মনের পরস্পর প্রতিক্রিয়া-শীল নিজস্ব উপাদান, রং-মিলকরণ করা।	জাল, বাক্স উপযুক্ত করা	আকার ও রং মিলানো নামের পার্থক্যকরণ করা
শব্দকরণ	200 শব্দ কতিপয় শব্দ ব্যবহার।	900 শব্দ, নির্দেশ অনু-সরণ করা।	2000 থেকে 3000 শব্দ 4 সংখ্যা পুনরা-বৃত্তি করতে পারা।
‘‘অভিযোজনমূলক আচরণ’’			গঠনমূলক শব্দগুলির সংজ্ঞা প্রদান করতে পারা।

নোট

3. ভাষার বিকাশ : শিশুর ভাষার বিকাশ শুরু হয় তার জন্মের কান্নার শব্দ দিয়ে। দশ মাস বয়সের শিশু একটি শব্দ ব্যবহার করতে সমর্থ হয় কিন্তু প্রথম বছরের শেষে, তার শব্দভাণ্ডার 3 বা 4টি শব্দে বাড়ে। ভালো বাড়ির পরিবেশ এবং প্রাথমিক বাল্যকালের প্রশিক্ষণ শব্দভাণ্ডার বাড়াতে সাহায্য করে। নিম্নের তালিকা শব্দভাণ্ডারের বিকাশ দেখায় :

বয়সের বছর	শব্দ ভাণ্ডার	বয়সের বছর	শব্দ ভাণ্ডার
1 বছর	3	4 বছর	1560
2 বছর	272	6 বছর	2562
3 বছর	896		

4. বৌদ্ধিক বিকাশ : শিশুর বৌদ্ধিক বিকাশ 2 বছর বয়সের পরে দ্রুততর হয় কারণ তখন সে তার সামাজিক পরিবেশ পুঙ্খানুপুঙ্খ রূপে পরীক্ষা করতে শুরু করে এবং নতুন অভিজ্ঞতা অর্জন করে। নিম্নে বৌদ্ধিক বিকাশের প্রধান বৈশিষ্ট্যগুলো দেওয়া হলো :

(ক) শিশুরা দৈহিক ও সামাজিক বাস্তব ধারণা গঠন করতে শুরু করে।

(খ) ছয় বছরের মধ্যে শিশুরা আকার, গঠন, রং, সময় ও দূরত্ব উপলব্ধি বাড়াতে শুরু করে।

(গ) স্মরণ শক্তি অত্যন্ত দ্রুত গতিতে বৃদ্ধি পায়। শিশুরা যন্ত্রবৎ মুখস্থের মাধ্যমে শিখতে পারে।

(ঘ) শিশুদের মধ্যে সৃজনশীলতার বিকাশ ঘটে। কল্পনা করার ক্ষমতা প্রকাশ পায়।

(ঙ) মূর্ত বিষয়ভিত্তিক চিন্তা ও বিচারকরণের ক্ষমতার বিকাশ ঘটে।

(চ) মনোযোগের পরিসর সাত মিনিট থেকে কুড়ি মিনিট পর্যন্ত বৃদ্ধি পায় এবং পরিবেশকে জানার প্রতি কৌতূহল বৃদ্ধি পায়।

(ছ) এই স্তরের শিশু ভাষার সংকেত ব্যবহার করতে শেখে। খেলার বস্তু আঁকতে পারে এবং সমস্যা সমাধানে নিয়োজিত হতে পারে।

(জ) শিশু তার পরিবেশ সম্পর্কে নানা প্রশ্ন করে।

5. সামাজিক বিকাশ : একটা শিশু সামাজিক পরিবেশে জন্মগ্রহণ করে যেখানে তার ব্যক্তিত্ব সামাজিক নিয়ম অনুসারে গড়ে ওঠে :

(ক) শিশুদের নিজেদের মধ্যে ও তাদের পরিবেশে বিশ্বাস ও অবিশ্বাসের ধারণা গড়ে ওঠে।
(খ) শিশুদের মধ্যে স্ব-শাসন বোধ গড়ে ওঠে। তারা স্বাধীনভাবে তাদের পরিবেশে আবিষ্কারের জন্য ভ্রমণ করতে শুরু করে।
(গ) গৃহ ছেড়ে সামাজিক পরিবেশ প্রসারিত হয়।

নোট

(ঘ) বালক-বালিকা—উভয়েই কোন পার্থক্য ছাড়া একসঙ্গে খেলা করে। তারা দলে, খেলাধূলায় যেখানে শারীরিক শক্তি ব্যবহৃত হয় যেমন লুকানো, খোঁজা ইত্যাদিতে সক্রিয়ভাবে অংশগ্রহণ করে।

(ঙ) তারা অপরকে সহযোগিতা করতে শেখে এবং বন্ধুত্ব করে স্বার্থ ভাগে এবং একইরকম ব্যক্তিত্বের বৈশিষ্ট্যে।

(চ) রূপকথার গল্প ও পশুদের গল্পের প্রতি আগ্রহ প্রকাশ করে।

(ছ) তিন থেকে ছয় বছরের বয়সের মধ্যে নাস্তিকতাবাদ বৃদ্ধি পায়। এটা একটা সামাজিক পরিবেশের ফলস্বরূপ। এটা বলা হয় যে শিশুরা যত বেশি প্রাপ্তবয়স্কদের হস্তক্ষেপ দ্বারা হতাশাগ্রস্থ হবে তত বেশি তাদের আচরণে নাস্তিক্যতা দেখা যাবে।

(জ) খেলার ক্ষেত্রে বালিকারা বালকদের থেকে বেশি কর্তৃত্ব করে।

(ঝ) শিশু তার ক্রিয়ার সামাজিক অনুমোদন চায়।

6. প্রাক্ষোভিক বিকাশ : প্রাক্ষোভিক জীবনে এক বিশেষ ভূমিকা পালন করে এবং ব্যক্তির ব্যক্তিগত ও সামাজিক সমন্বয় ঠিক করে যদি তারা স্বাস্থ্যকর বহিঃপ্রকাশে পরিচালিত হয়। প্রক্ষোভগুলির নিম্নলিখিত প্রভাব থাকে ব্যক্তির বিকাশে :

(ক) প্রক্ষোভ আমাদের জীবনে নির্দিষ্ট পরিস্থিতি মোকাবিলা করতে শক্তি দেয়।

(খ) ঐগুলি আমাদের আচরণের প্রেষণার কাজ করে।

(গ) প্রাত্যহিক জীবনের অভিজ্ঞতার সমন্বয়ে প্রভাবিত করে।

(ঘ) ঐগুলি সামাজিক সমন্বয়ে প্রভাবিত করে।

(ঙ) উচ্চ আবেগপূর্ণ অবস্থা মানসিক ভারসাম্য, যুক্তি বিঘ্নিত করে এবং চিন্তা-ভাবনা চূর্ণ-বিচূর্ণ করে।

(চ) ব্যক্তিদের মধ্যে আবেগ যোগাযোগের মাধ্যম হিসাবে কাজ করে এবং ব্যক্তিকে পথপ্রদর্শন করে সামাজিক মান উপযোগী করার উদ্দেশ্যে।

(ছ) হানিকর প্রক্ষোভ ব্যক্তিত্বের ত্রুটিপূর্ণ সমন্বয়ের নেতৃত্ব দেয়।

নিম্নলিখিত প্রাক্ষোভিক বৈশিষ্ট্য শিশুদের মধ্যে বিকশিত হয় :

(ক) প্রক্ষোভ ঘন ঘন দেখা যায়।

(খ) প্রক্ষোভ প্রকাশিত হয় মূর্ত বস্তুর সম্পর্কে।

(গ) তারা ক্ষণস্থায়ী। এর অর্থ হল শিশুরা তাদের প্রক্ষোভ খুব দ্রুত পরিবর্তন ঘটায়। উদাহরণত, একটি ক্রন্দনরত শিশুকে টফি দিলে, সে খুশি হয়।

(ঘ) প্রারম্ভিক বাল্যস্তরে উদ্দীপকের মাত্রা অনুযায়ী প্রক্ষোভের মাত্রা স্থির হয় না। প্রাক্ষোভিক প্রকাশ চড়া মাত্রায় হয়ে থাকে।

(ঙ) শিশুরা প্রক্ষোভ লুকিয়ে রাখতে পারে না কিন্তু পরোক্ষভাবে প্রক্ষোভ প্রকাশ করে বিভিন্ন কার্যকলাপের মাধ্যমে। যেমন—ক্রন্দন, নখ-খোঁটা, আঙুল চোষা ও তোতলামি।

নোট

(চ) প্রক্ষোভ শক্তির পরিবর্তন ঘটায়। যে প্রক্ষোভগুলি অত্যন্ত সবল ছিল কোন এক নির্দিষ্ট বয়সে সেগুলি দুর্বল হয় যখন শিশু বাড়ে। আবার অন্য যেগুলি দুর্বল ছিল তারা সবল হয়। এই পরিবর্তনগুলি শক্তির পরিবর্তন, শিশুর বৌদ্ধিক বিকাশ এবং আগ্রহ ও মূল্যবোধের পরিবর্তনের ফলে ঘটে।

(iii) প্রান্তীয় বাল্যকাল (6 বছর থেকে 12 বছর)

প্রান্তিয় বাল্যকাল জীবনের একটা গুরুত্বপূর্ণ পর্ব। এই সময় যখন বালকেরা প্রায়ই সম্ভ্রম মেশানো ভক্তিভাবে আচরণ করতে শুরু করে। পিতামাতা ও শিক্ষকরা বালক-বালিকাদের নিয়ে বিরক্তবোধ করেন এবং বিপরীতও ঘটে। এটা একটা সময় যেটির প্রয়োজন পিতামাতা ও শিক্ষকদের দ্বারা সঠিক নির্দেশনা ও পরামর্শ সমাজে বালক-বালিকাদের যথেষ্ট সমন্বয়ের জন্য। 8 থেকে 12 বছর বয়স মানব জীবনের অনুপম সময় গঠন করে। প্রাপ্ত বয়সীদের প্রায় আকার ও ওজোনের মতো বুদ্ধি অর্জন করে, এসময় স্বাস্থ্য প্রায়ই সর্বাধিক ভাল থাকে, মহান কার্য্যকলাপ এবং বিভিন্ন ধরণের হয় এবং আগের থেকে অথবা এরকম কখনো হয়নি এবং অদ্ভুত ধৈর্য্য, জীবনীশক্তি এবং ক্লান্তি প্রতিরোধ করতে পারে। বানির বৃত্তের বাইরে শিশু তার একটা নিজস্ব জীবন গড়ে তোলে এবং এর প্রকৃতিগত অনুরাগ প্রাপ্ত বয়স্কদের প্রভাবিত স্বাধীনের মতো কখনো হয় না। অর্থাৎ স্বাভাবিক আগ্রহ প্রাপ্ত বয়স্কদের প্রভাব মুক্ত হতে চায়।

1. দৈহিক বিকাশ : উত্তর বাল্যকালে দৈর্ঘ্য ও ওজোন বৃদ্ধি ধীরে ধীরে হয়। বালিকারা দৈহিক বিকাশে দু-বছর এগিয়ে থাকে। দেহের সব আনুপাতিক হারে পরিবর্তন দেখা দেয়। এই বয়সে বালক-বালিকারা রোগমুক্ত থাকে। দেহতত্ত্বগতভাবে 11 বৎসরের বালিকারা এই বয়সে সম্পূর্ণ এক বছর এগিয়ে থাকে বালকদের তুলনায়। শৈশবের দুধে-দাঁত ভেঙ্গে যায়। স্থায়ী দাঁত তৈরী হয়। মুখমণ্ডলের পরিবর্তন ঘটে; কপাল চওড়া হয়, নাক তীক্ষ্ণ হয়, বুক চওড়া হয় এবং খেলার মাধ্যমে চলন দক্ষতার বিকাশ ঘটে। লক্ষ্যণীয় পরিবর্তন নিম্নে প্রদত্ত হলো :

ক) হাতের কাজের দক্ষতা বৃদ্ধি পায়;

খ) শক্তি বৃদ্ধি পায়;

গ) ক্লান্তি সহ্য করার ক্ষমতা বাড়ে; এবং

ঘ) খেলা সম্পর্কে সঠিকতা ও সহিষ্ণুতা বৃদ্ধি পায়।

কঠোর পরিশ্রমের একটা দৈহিক চাহিদা দেখা যায়। অস্থিসমূহ পেশিগুলি বিকশিত হয় এবং চর্চার প্রয়োজন হয়। 9 থেকে 11 বছরের বালকদের চূড়ান্ত গতিশীলতা স্থান থেকে স্থানান্তরে দেখা যায়, কখনো হাঁটে না, সর্বদা দৌড়ায়, কখনো দৌড়ায় না বরং তারা লাফায় বা সর্বদা অধিক পরিশ্রমের কাজ করে।

2. বৌদ্ধিক বিকাশ : ছয় থেকে বারো বছর বয়সীদের সময়কালে যে বৌদ্ধিক পরিবর্তন ঘটে তা নিম্নে উল্লেখ করা হল :

ক) বালক নিজের ও বহির্বিশ্বের মধ্যে পার্থক্য পরিস্কারভাবে বুঝতে শুরু করে। সে তার পরিবেশে বাস্তবতা খোঁজে।

নোট

খ) 12 বছর বয়সের মধ্যে প্রাকৃতিক নিয়মগুলি সম্পর্কে ধারণা প্রায় সম্পূর্ণ বিকশিত হয়।

গ) এই বয়সেই তথ্য সংগ্রহ ও চিন্তাভাবনাগুলি আত্মস্থ করার আগ্রহ দেখা দেয়। প্রথাগত বিদ্যালয়ে শিক্ষা শুরু হওয়ার ফলে শিখন ও স্মৃতির উৎকর্ষতা বৃদ্ধি পায়।

ঘ) যুক্তিগ্রাহ্য কারণ ব্যাখ্যা করার ক্ষমতা বৃদ্ধি পায় এবং বালকের ক্রমশঃ অভিজ্ঞতা বাড়ে স্থির করতে, বিকশিত করতেও জ্ঞানমূলক কার্যক্রম প্রয়োগ করতে মূর্ত বস্তুর বিষয়ে।

ঙ) বিজ্ঞানভিত্তিক গল্প এবং যান্ত্রিক প্রক্রিয়ার প্রতি প্রচণ্ড আগ্রহ সৃষ্টি হয়।

চ) সাহস ও আনুগত্য বৃদ্ধি পায়। ছেলেমেয়েরা জিনিস তৈরী করতে সাহস দেখায়।

ছ) অন্য খেলার তুলনায় কাল্পনিক খেলাগুলি অধিকতর পছন্দ করে।

জ) বাস্তব বিষয়ের সঙ্গে বাস্তব বস্তু, বৈজ্ঞানিক ও গাণিতিক তথ্য ও অলীক কাহিনীর খোঁজার আচরণ বৃদ্ধি পায়।

ঝ) পরিবেশের মধ্যে প্রাকৃতিক ও যান্ত্রিক ও প্রাকৃতিক ইন্দ্রিয়গোচর বস্তুর বিষয়ে চিন্তার সাময়িক সম্পর্ক ব্যবহার বৃদ্ধি পায়।

ঞ) 12 বছর বয়সের মধ্যে প্রাথমিক কাল্পনিক ভীতিগুলি দূর হয়।

ট) 12 বছর বয়সে প্রায়ই বালক-বালিকাদের সামান্যীকরণের ক্ষমতা যথেষ্ট বৃদ্ধি পায়। বালক-বালিকারা বেশী করে সংস্রব রাখে তাৎক্ষণিক কারণ ও ফলাফল সম্পর্কে এবং বর্তমানে চালু ঘটনা সমূহের সঙ্গে।

ঠ) এই সময়ের বালক-বালিকাদের মন সমস্যা ভালো করে বোঝার জন্য তৈরী হয়। সে যুক্তি সহকারে একটা সমস্যা বিশ্লেষণ করতে পারে এবং পরিবেশের সঙ্গে প্রতিক্রিয়াগুলি দক্ষ ও প্রতীকি ব্যবহারে কাজ করতে সমর্থ হয়। তারা বেশ কিছু প্রক্রিয়া বা নিয়ম, যেগুলি যুক্তিপূর্ণ, ব্যবহার করতে সক্ষম হয় যদিও সেগুলি মূর্ত।

3. প্রাক্ষোভিক বিকাশ : প্রক্ষোতসমূহ জীবনের জন্য খুবই গুরুত্বপূর্ণ। প্রক্ষোভ ছাড়া জীবন একঘেয়ে ও নিস্প্রভ হয়ে থাকে। শিশুর বয়সের পরিবর্তনে সেগুলি পরিবর্তন হয়। এই সময়ে প্রাক্ষোভিক পরিবর্তনের বৈশিষ্ট্যগুলি নিম্নে উল্লেখ করা হল :

ক) প্রথম বাল্যকালের প্রক্ষোভের ব্যাপক পরিবর্তন দেখা যায়। এই বয়সের শেষভাগে বালকেরা সামাজিক পরিস্থিতি অনুযায়ী আবেগ নিয়ন্ত্রণ করতে সক্ষম হয়।

খ) বালকের প্রক্ষোভমূলক জবাব কম ছড়ানো, এলোমেলো ও বেছে আলাদা করা যায় না।

গ) আবেগ প্রকাশে বস্তুর উপস্থিতি অপরিহার্য নয়।

ঘ) বাল্যকালে প্রক্ষোভগুলি সর্বাপেক্ষা সংক্রামক, কারণ বালক-বালিকারা সাংঘাতিক চিন্তাশীল ও অপরের উপর নির্ভরশীল।

ঙ) শৈশবকালের পশুদের ভীতি, উচ্চস্থান ভীতি এবং শব্দভীতি দূর হয় এবং আদিভৌতিক ভয়, কাল্পনিক জীবের প্রতি ভয়, পড়ে যাওয়ার ভয়, উপহাস্য হওয়ার ও আলাদাভাবে দৃষ্টিগোচর হওয়ার ভয় থাকেনা।

নোট

চ) কাজে বাধা, অন্য বালকদের সঙ্গে স্বার্থবিঘ্নকারী তুলনা টিজিং, চালু কাজে হস্তক্ষেপ, বড়দের বা বন্ধুদের কাছ থেকে উপহাস এবং তাচ্ছিল্য ইত্যাদি বালকদের ক্রোধের কারণ হয়।

ছ) পিতা-মাতার পক্ষপাত ঈর্ষা উদ্রেক করে।

জ) বালিকাদের ক্ষেত্রে ঈর্ষা বেশি দেখা যায়, কারণ শ্রেণীকক্ষে বালকদের উপর পক্ষপাতমূলক আচরণ করা হয়।

ঝ) আনন্দ, উল্লাস, ভালবাসা, দুঃখ এবং স্ট্রেন বাল্যকালে দেখা যায়।

4. সামাজিক বিকাশ : শৈশবে সামাজীকরণ গৃহ-পরিবেশে সীমাবদ্ধ থাকে। বাল্যবয়সে বিদ্যালয়ে প্রবেশ করার ফলে সে বৃহৎ পরিবেশেও সম্মুখীন হয় এবং সামাজীকরণের ক্ষেত্রটি ব্যাপকতা লাভ করে। প্রধান পরিবর্তনগুলি নিম্নে উল্লেখ করা হল :

ক) এই বয়সের স্ব-লিঙ্গদের মধ্যে বালক-বালিকারা দল গঠন করে এবং গৃহের বাইরে তা থাকে। এই দল (peer group) সামাজিক বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করে।

খ) বিদ্যালয় ও গৃহে এটাই প্রচণ্ড নিয়ম-শৃঙ্খলাহীন সময়।

গ) এই বয়সেই অবাধ্যতার ঘটনা সবচেয়ে বেশি দেখা যায়।

ঘ) বালক-বালিকারা প্রাপ্ত বয়স্কদের মান বাতিল করে এবং তাদের বন্ধুদের বৃত্ত প্রসারিত করে।

ঙ) বয়ঃসন্ধিক্ষণের কিশোর-কিশোরীদের থেকে এই সময়ে বেশি কর্তব্যে অবহেলা করে।

